

সংস্থার নাম: খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিভাগ/শাখা/দপ্তরের নাম: কনসালটেন্সি রিসার্চ অ্যান্ড টেস্টিং সার্ভিস (CRTS)

১। উদ্ভাবনের শিরোনাম: কনসালটেন্সি রিসার্চ অ্যান্ড টেস্টিং সার্ভিস (CRTS) অটোমেশন সফটওয়্যার

২ কীভাবে যাত্রা শুরু/পটভূমিঃ

পরামর্শ ও গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ, শিক্ষক এবং ল্যাবরেটরি সুবিধা দেশের অন্যান্য প্রতিষ্ঠানের কাছে উপলব্ধ। এজন্য একটি পৃথক প্রতিষ্ঠান - কনসালটেন্সি রিসার্চ অ্যান্ড টেস্টিং সার্ভিসেস (সিআরটিএস) এই কার্যক্রমগুলি তদারকি করার জন্য গঠিত হয়েছে। উৎকর্ষের কেন্দ্র হিসাবে, কয়েক শুমাত্র দেশের মধ্যে প্রকৌশল ও প্রযুক্তিগত পরিষেবাগুলির বিকাশ ও প্রসারের কেন্দ্রবিন্দু হিসাবে অবদান রাখছে না, এটি পরিকল্পনাবিদ, প্রকৌশলী এবং প্রযুক্তিবিদদের জন্য জাতীয় গুরুত্বের জটিল ব্যবহারিক সমস্যা সমাধানের জন্যও সাহায্য করতে বদ্ধপরিকর। প্রকৌশলের বিভিন্ন বৈচিত্র্যময় ক্ষেত্রের উচ্চ যোগ্যতা এবং অভিজ্ঞতা সম্পন্ন পরামর্শদাতারা এই প্রয়াসে জড়িত হয়েছেন। বিশ্লেষণ, নকশা, মূল্যায়ন, নির্মাণ, পুনর্বাসন, ইত্যাদি থেকে শুরু করে বিশেষজ্ঞ পরামর্শ পরিষেবাগুলি নিয়মিতভাবে পরিচালিত হয় এই CRTS এর মাধ্যমে। বিভিন্ন বেসরকারী এবং সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থাগুলির জন্য CRTS প্রকৌশল ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে গবেষণা, পরীক্ষা এবং পরামর্শের কাজ করে। কিন্তু উক্ত কাজের জন্য সনাতন পদ্ধতিতে ফর্ম পূরণ, কাজ বন্টন, কার্য সম্পাদনের হার্ড কপি রিপোর্ট ব্যবহারকারীকে প্রদান, রিপোর্টের সত্যতা যাচাই করতে না পারা এবং সনাতন পদ্ধতির হিসাব ব্যবস্থা, হিসাবের কোন ডিজিটাল কপি সংরক্ষিত না থাকা ইত্যাদি সমস্যা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য সামগ্রিক ব্যবস্থাকে ডিজিটাল করার জন্য একটি কমিটি গঠিত হয়। পরবর্তীতে কমিটির মাধ্যমে অভ্যন্তরীণ জনবলের সাহায্যে (কমিটির সদস্যদের মাধ্যমে) উক্ত ডিজিটাইজেশন সম্পন্ন হয়।


৩ পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে আনবে বা এনেছেঃ


আমন্ত্রেণা আকারে সকল তথ্য সংরক্ষণ করা যাবে। দেশের এবং বিশ্ববাজারের চাহিদা বিবেচনায় বর্তমান এবং ভবিষ্যত কার্য সমূহের পূর্ণাঙ্গ ডাটাবেইজ তৈরী করা। ব্যবহারকারীদের প্রতারণার হাত থেকে রক্ষা করা যাবে। ভেরিফিকেশন এবং সনদ ভেরিফিকেশন নিশ্চিত করা যাবে। ভবিষ্যতে কোন তথ্য দরকার হলে তা সহজে পাওয়া যাবে। সর্বোপরি সকল ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করা যাবে, সময় এবং ভোগান্তি কমানো যাবে।


৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতিঃ

CRTS সেবার সার্বিক মান উন্নয়ন, সু-সংহতকরণ ও উতকর্ষ সাধনে উক্ত সিস্টেম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।


৫ (ক) উদ্ধাবনের পূর্বের প্রসেস ম্যাপ









P: কেন্দ্রীয়  
CRTS পরিচালক  
T: ২ দিন



P: কেন্দ্রীয়  
CRTS  
T: ১ দিন




P: কেন্দ্রীয়  
CRTS  
T: ১ দিন



P: কেন্দ্রীয়  
CRTS  
T: ১ দিন




৫ (ক) উদ্ধাবনের পরের প্রসেস ম্যাপ





P: কেন্দ্রীয়  
CRTS পরিচালক  
T: ১ দিন



P: কেন্দ্রীয়  
CRTS  
T: ১ দিন



গ) TCV (Time, Cost, Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনাঃ

	উদ্ভাবনের পূর্বের অবস্থা	উদ্ভাবনের পরের অবস্থা
সময় (দিন/ঘন্টা)	২০ কর্মদিবস	১২ কর্মদিবস
খরচ (নাগরিক ও অফিসের)	৪ হাজার	০০
যাতায়াত	৯ বার	১ বার
ধাপ	১৩ টি	৬ টি
জনবল	৬ জন	৫ জন
দাখিলেয় কাগজপত্র	১ ধরণের	১ ধরণের
অন্যান্য	রিপোর্টের সত্যতা ও আসলতা যাচাই এর কোন পদ্ধতি নেই	কাজের বর্তমান অবস্থা, রিপোর্টের সত্যতা সহজে জানা যায়। ভবিষ্যতের জন্য সহজে ডাটা পাওয়া যাবে।